

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স- ১৬৫০(আগরতলা ১০-০৮-২০১৭)  
বিশালগড়, ১০ আগষ্ট, ২০১৭

বিশালগড় পঞ্চায়েত সমিতির সাধারণ সভা

উন্নয়নের প্রধান শর্ত হল শান্তি। শান্তি সম্প্রীতি না থাকলে শুধু অর্থ ব্যয় করলেই উন্নয়ন হবে না। আজ বিশালগড় পঞ্চায়েত সমিতির সাধারণ সভায় অর্থ মন্ত্রী ভানুলাল সাহা একথা বলেন। পঞ্চায়েত সমিতির এই সাধারণ সভায় ব্লকের বিভিন্ন উন্নয়ন কর্মসূচী নিয়ে পর্যালোচনা করা হয়। অর্থমন্ত্রী সভায় বলেন, যে সব কাজ এখনো অসমাপ্ত রয়েছে তা দ্রুত শেষ করতে হবে। কর্মসূচীর রূপায়ণে গুণমান বজায় রাখতে হবে। তিনি বলেন, কোনো দুস্থ মানুষই যেন সামাজিক ভাতা থেকে বঞ্চিত না হন। তা নিশ্চিত করতে হবে। সভায় ব্লকের বি ডি ও রতন ভৌমিক জানান, গত অর্থবর্ষে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের পি ডি এফ তহবীলের প্রাপ্ত ১,৭৩,৪৬,০০০ টাকা ব্যয়ে বিভিন্ন স্থানে ক্ষুদ্র ব্যবসার জন্য মার্কেট স্টল নির্মাণ, প্রাণী পালন প্রকল্পে প্রাণী পালকদের সহায়তা প্রদান সহ বিভিন্ন বিদ্যালয়ের গৃহ সংস্কার, সেচ প্রকল্প সংস্কার সহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণ করা হয়। চলতি অর্থবর্ষে এই প্রকল্পে এখন পর্যন্ত ৪২,৫০.১৮৯ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়ন কর্মসূচী রূপায়িত হচ্ছে। স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে ২১১২ টি পরিবারকে স্বাস্থ্য সম্মত শৌচালয় নির্মাণ করে দেয়ার কাজ চলছে। পি এম এ ওয়াইতে ৪২৬টি দরিদ্র পরিবারকে গৃহ নির্মাণ করে দেয়া হবে। সভায় সমাজ কল্যাণ দপ্তরের সিপাহীজলা জেলা আধিকারিক জানান, বিশালগড় মহকুমায় বর্তমানে ৭,৭৭৯ জন বিভিন্ন সামাজিক ভাতা পেয়ে উপকৃত হচ্ছেন। আরও ১,৫০২টি পরিবারকে নতুন করে ভাতা প্রদানের পরিকল্পনা নেওয়া হয়েছে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা পরিষদের সভাপতি ফখরউদ্দীন আহমেদ ও বিশালগড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল। সভায় সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার (হাজারী)।

\*\*\*\*\*